268 352

দৈনিক ইত্তেফাক

SEP. 22 1999
তারিখ
পৃষ্ঠা ১ কলাম ৩

# ক্যাম্পাসে সন্ত্রাসীদের টর্চার রুম

ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা ॥ দ্বিতীয় বিশ্বযুদ্ধকালের নাৎসী বর্বরতার নিদর্শন টর্চার রুমের আদলে না হইলেও সর্বোচ্চ বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হলের পিছন গেটে গতকাল সন্ত্রাসীদের একটি টর্চার রুমের সন্ধান পাইয়াছে পুলিশ। পুলিশ এখান হইতে দুই ব্যক্তিকে গ্রেফতারও করিতে সমর্থ হয়। পলাশীর মোড়ে জহুরুল হক হলের পিছন গেটে বিশ্ববিদ্যালয়ের জমিতে কিছু অবৈধ দোকান পসার গড়িয়া উঠিয়াছে। যেমন বিরানী হাউজ, টি ষ্টল ইত্যাদি। 'কম্পিউটার ইন' নামে একটি ফোন-ফ্যাক্সের দোকানের ভিতরেই পুলিশ টর্চার রুমের সন্ধান পায়। জানা যায়, সাবেক ডাকসু সাহিত্য সম্পাদক কাওসার মোল্লা এই দোকানের মালিক, তিনি শুক্কুর আলী নামে এক ব্যক্তিকে মাসিক তিন হাজার টাকায় ইহা ভাড়া দেন। গতকাল বিকালে

(২য় পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## টর্চার রুম

(প্রথম পৃষ্ঠার পর)

ভাইস চ্যান্সেলর এ কে আজাদ চৌধুরী ঘটনাস্থল পরিদর্শন করেন। আজ (বুধবার) এসব অবৈধ দোকান উচ্ছেদ করা হইবে। দীর্ঘদিন যাবৎ এই অবৈধ দোকানগুলিকে কেন্দ্র করিয়া সন্ত্রাস, চাঁদাবাজি এবং অবৈধ কাজ-কারবার চলিয়া আসিতেছে। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয় শিক্ষক ক্লাবের সম্মুখ হইতে অপহৃত ফারুককে এখানেই টর্চার করে সন্ত্রাসীরা।

পুলিশ উক্ত কক্ষ হইতে ২ জনকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করিয়াছে। গত রাত্রে রমনা থানার সঙ্গে যোগাযোগ করিয়া জানা যায়, আটক দুই ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করা হইতেছে। পুলিশ জানায়, পেশাদার সন্ত্রাসী রগ কাটা শামীম ও বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কৃত ছাত্র বাবুসহ একদল সন্ত্রাসী উক্ত কক্ষে আড্ডা দিত। গোপন সূত্রে সংবাদ পাইয়া সন্ধ্যায় পুলিশ অভিযান চালাইয়া কক্ষটির সন্ধান পায় এবং হাতে-নাতে দুইজনকে আটক করিতে সক্ষম হয়।